

নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর নিম্নোক্ত স্থায়ী পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে বর্ণিত শর্তে কেবলমাত্র আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১।	সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	০৮টি	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী; খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ; গ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ এবং বাংলায় ২৫ শব্দ; ঘ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত।	ঢাকা বিভাগেরঃ মুন্সীগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী, ময়মনসিংহ ও কিশোরগঞ্জ। চট্টগ্রাম বিভাগেরঃ চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও চাঁদপুর। সিলেট বিভাগেরঃ সিলেট ও মৌলভীবাজার। রাজশাহী বিভাগেরঃ রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ ও পাবনা। রংপুর বিভাগেরঃ রংপুর, লালমনিরহাট, ঠাকুরগাঁও ও পঞ্চগড়।
২।	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	০২টি	ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ এবং বাংলায় ২০ শব্দ; গ) কম্পিউটার চালনার দক্ষতা।	খুলনা বিভাগেরঃ খুলনা ও যশোর। বরিশাল বিভাগঃ বরগুনা। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৩।	ডাটা এন্ট্রি অপারেটর ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	০১টি	ক) এইচ.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার); খ) Standard Aptitude Test-এ অবশ্যই উত্তীর্ণ হতে হবে।	
৪।	অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	১৬টি	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ঢাকা বিভাগেরঃ ঢাকা, ফরিদপুর, ময়মনসিংহ ও নেত্রকোণা। চট্টগ্রাম বিভাগেরঃ চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা ও লক্ষ্মীপুর। সিলেট বিভাগেরঃ সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ। রাজশাহী বিভাগেরঃ রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ ও বগুড়া। রংপুর বিভাগেরঃ নিলফামারী ও ঠাকুরগাঁও। খুলনা বিভাগেরঃ ঝিনাইদহ, মাগুরা ও কুষ্টিয়া। বরিশাল বিভাগঃ বরিশাল, ভোলা। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

নিম্নবর্ণিত শর্তগণি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাৱশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ

- ৩১ শে জুলাই, ২০১৬ তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর।
- সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর এবং অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।
- নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

